

ইরানে হামলার আশঙ্কা, মধ্যপ্রাচ্যে ফ্লাইট বাতিলের হিড়িক

- A Monitor Desk Report

Date: 24 January, 2026



ঢাকাঃ ইরানের দিকে এগিয়ে যাচ্ছে মার্কিন বিশাল রণতরির, মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের এমন বক্তব্যের পর মধ্যপ্রাচ্যে ফ্লাইট চলাচল বন্ধ ঘোষণা করেছে শীর্ষস্থানীয় একাধিক আন্তর্জাতিক উড়োজাহাজ সংস্থা।

যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে সম্ভাব্য সামরিক সংঘাতের আশঙ্কায় কেএলএম, লুফথানসা ও এয়ার ফ্রান্সের মতো বড় সংস্থাগুলো এই অঞ্চলে তাদের পরিষেবা সাময়িকভাবে স্থগিত রেখেছে।

সংবাদমাধ্যমের প্রতিবেদনে বলা হয়, এই ফ্লাইট বাতিলের সিদ্ধান্তের ফলে ইসরাইল, দুবাই ও রিয়াদের মতো গুরুত্বপূর্ণ গন্তব্যগুলোর উড়োজাহাজ যোগাযোগব্যবস্থা মারাত্মকভাবে বিঘ্নিত হয়েছে।

ফ্রান্সের জাতীয় উড়োজাহাজ সংস্থা এয়ার ফ্রান্স জানিয়েছে, "মধ্যপ্রাচ্যের বর্তমান পরিস্থিতির কারণে, কোম্পানিটি দুবাইতে তাদের পরিষেবা সাময়িকভাবে স্থগিত করার সিদ্ধান্ত নিয়েছে।" সংবাদ সংস্থাকে দেওয়া এক বিবৃতিতে তারা জানিয়েছে যে তারা তাদের ফ্লাইটের নিরাপত্তা ও সুরক্ষা নিশ্চিত করার জন্য ক্রমবর্ধমান ভূ-রাজনৈতিক পরিস্থিতি পর্যবেক্ষণ করছে।

অপরদিকে কেএলএম রয়্যাল ডাচ এয়ারলাইনস দুবাই, সৌদির রিয়াদ, দাম্মাম এবং ইসরাইলের তেলআবিবে অনির্দিষ্টকালের জন্য ফ্লাইট বাতিল করেছে। তারা বলেছে, ইরান, ইরাক, ইসরাইলসহ গালফ অঞ্চলের একাধিক দেশের আকাশসীমা এড়িয়ে চলছে তাদের বিমান।

যুক্তরাষ্ট্র ইরানে হামলা চালাতে পারে এমন আশঙ্কায় ইউনাইটেড এয়ারওয়েজ এবং এয়ার কানাডা ইসরাইলে উড়োজাহাজ চলাচল বন্ধ করে দিয়েছে।

সম্প্রতি মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এক ঘোষণায় জানিয়েছেন, একটি শক্তিশালী মার্কিন 'আর্মাডা' বা রণতরির বহর ইরান অভিমুখে যাত্রা করেছে।

এর আগে সামরিক অভিযানের সম্ভাবনা উড়িয়ে দেওয়া হলেও প্রেসিডেন্টের এই নতুন বার্তা উত্তেজনাকে কয়েক গুণ বাড়িয়ে দিয়েছে।

হোয়াইট হাউসের মতে, তেহরান বিক্ষোভকারীদের মৃত্যুদণ্ড স্থগিত করলেও ওয়াশিংটনের সামরিক পরিকল্পনায় এর কোনো প্রভাব পড়েনি।

-B